



স্মারক নম্বর: ৪১.০১.২৯৮৪.০০০.১৬.০১২.২২- ৫১


তারিখ: ৩০ মার্চ, ১৪২৮ বঙ্গাব্দ।
১৩ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিঃ।

বিষয়ঃ সামাজিক নিরাপত্তা বেটনীর ভাতা কর্মসূচি বাস্তবায়নে ০৯ (নয়) টি ইউনিয়ন কমিটিতে প্রতিনিধি মনোনয়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারের সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচির বয়স্ক, বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা, অসম্বল প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য উপবৃত্তিসহ বিভিন্ন প্রকার ভাতা কর্মসূচি বাস্তবায়নে প্রত্যেক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের সভাপতিত্বে 'প্রাথমিকভাবে প্রার্থী বাছাইয়ের জন্য' ১৮ (আঠারো) সদস্য বিশিষ্ট 'ইউনিয়ন কমিটি' রয়েছে।

০২। সরকারের নীতিমালায় প্রতিটি ইউনিয়নে গঠিত প্রাথমিক বাছাই কমিটিতে সদস্য হিসেবে ক) মাননীয় সংসদ সদস্যের ১ (এক)জন পুরুষ ও ১ (এক) জন মহিলা প্রতিনিধি; খ) উপজেলা চেয়ারম্যানের প্রতিনিধি ১(এক)জন; গ) উপজেলা নির্বাহী অফিসারের প্রতিনিধি ১(এক)জন; ও উপজেলা সমাজসেবা অফিসের সংশ্লিষ্ট ইউনিয়নের দায়িত্বপ্রাপ্ত ইউনিয়ন সমাজকর্মী সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন মর্মে উল্লেখ রয়েছে।

০৩। ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন-২০২২ এ বিজয়ী প্রার্থীগণ শপথ গ্রহণের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে দায়িত্ব গ্রহণ করায় অত্র উপজেলার ০৯(নয়) টি ইউনিয়নে সরকারের সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচি বাস্তবায়নে 'ইউনিয়ন কমিটি' সমূহ হালনাগাদ করার নিমিত্ত আপনার প্রতিনিধি মনোনয়ন আবশ্যিক। এমতাবস্থায়, নীতিমালা অনুযায়ী প্রতিটি ইউনিয়নে আপনার একজন/দুইজন (প্রয়োজ্য ক্ষেত্রে) প্রতিনিধি মনোনয়ন পূর্বক তাঁর নাম, ঠিকানাসহ তালিকা অত্র কার্যালয়কে অবহিত করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।



কাজী শামীম আহমেদ
উপজেলা সমাজসেবা অফিসার

ও

সদস্য-সচিব

সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচির
ভাতা বিতরণ সংক্রান্ত উপজেলা কমিটি

ফোন : ০৬৩২৯-৭৫৩৯৮

E-mail: usso.sadarpur@dss.gov.bd

প্রাপক,

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-২১৪,

ফরিদপুর-০৪।

০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ

সদরপুর, ফরিদপুর।

০৩। উপজেলা নির্বাহী অফিসার

সদরপুর, ফরিদপুর।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ :

১। বিভাগীয় পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা।

২। জেলা প্রশাসক, ফরিদপুর।

৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ফরিদপুর।

৪। চেয়ারম্যান (সকল)..... ইউনিয়ন পরিষদ, সদরপুর, ফরিদপুর।

৫। অফিস কপি।